ইত্তেফাক

তারিখ 20/7/84
পৃষ্ঠা 1 কলাম 2



## শিক্ষা মন্ত্রণালয়ে ৭জন ওএসডি

এনা জানায়, কমপক্ষে ৭ জন উর্ধ্বতন সরকারী কর্মকর্তা শিক্ষা মন্ত্রণালয়ে অফিসার অন স্পেশাল ডিউটি (ওএসডি) হিসাবে সংশ্লিষ্ট রহিয়াছেন। কর্মকর্তাগণ হইতেছেন ব্রিগেডিয়ার শামসুল ইসলাম, ডঃ হাফেজ আহমদ, ডঃ এস,এ, চৌধুরী, ডঃ আলাউদ্দিন আল আজাদ, জনাব এম,এ, বারী, মিসেস আখতারী বেগম এবং জনাব এম, এম, আর চৌধুরী। তন্মধ্যে জনাব এম, এম, আর চৌধুরী তিন বৎসর আগে ওএসডি হন। ডঃ হাফেজ আহমদ ছিলেন প্রাথমিক শিক্ষার মহাপরিচালক। প্রায় এক বৎসর আগে তাঁহাকে ওএসডি করিয়া শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে সংশ্লিষ্ট রাখা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষার মহাপরিচালক ব্রিগেডিয়ার শামসুল ইসলামকে চলতি মাসের গোড়ার দিকে ওএসডি

( ৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## শিক্ষা মন্ত্রণালয়ে

( ১ম পৃঃ পর )

করা হয়। ডঃ আলাউদ্দিন আজাদ ঢাকা কলেজের অধ্যক্ষ ছিলেন। বেশ কিছুদিন আগে তাঁহাকে ওএসডি করা হয়।